

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বরঃ ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০- ০২

তারিখ: ০৮ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করার জন্য যাচাই-বাছাই পূর্বক তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রণীত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)” শীর্ষক একটি নতুন প্রকল্প গত ২৮/০৭/২০২০ খ্রিস্টাব্দ তারিখের একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে ল্যাব বিহীন শিক্ষা প্রতিষ্ঠানে সারাদেশে ৫০০০টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হবে।

আপনারা অবগত আছেন যে, দেশব্যাপী গুণগত শিক্ষার মানোন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর আওতাধীন “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের মাধ্যমে সারাদেশে মোট ৪০০১টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে গুণগত শিক্ষার মান নিশ্চিতকরণ, ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণী পর্যন্ত ICT শিক্ষাদানসহ ভাষা প্রশিক্ষণ ল্যাবের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

এছাড়াও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও শিক্ষা মন্ত্রণালয়সহ শিক্ষা সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ/ কর্তৃপক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ল্যাব স্থাপন করা হয়েছে। বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর সর্বশেষ তথ্যানুযায়ী ১৩,৫৩২ টি ল্যাব স্থাপনের পরিসংখ্যান পাওয়া যায়।

এমতাবস্থায় ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)’ এর মাধ্যমে ল্যাব স্থাপনের ক্ষেত্রে দ্বৈততা পরিহারের স্বার্থে বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর তথ্যাদি যাচাই করে যে সমস্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব রয়েছে তার প্রতিবেদন আগামী ২৬/ ০৮/২০২০খ্রি: তারিখের মধ্যে (ইমেইলে প্রেরিত লিংক অনুযায়ী) তথ্যাদি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

লিংক:

- ০১। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ০২। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

RV ২৬/০৮/২০২০

(মো: রেজাউল মাকছুদ জাহেদী)
যুগ্মসচিব, অতিরিক্ত মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন-+৮৮০ ২৪১ ০২৪০৭৩/ ০২-৫৫০০৬৮২৬
ই-মেইল: jahedi6076@yahoo.com

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪. মহাপরিচালক, শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো।
৫. উপ-প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।
৬. জেলা প্রশাসক, (সকল)।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
১০. সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১১. সহকারী প্রোগ্রামার, সংযুক্ত (সকল), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)।

১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)।

১৩. অফিস কপি।